গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রণালয়ের নাম লিখুন
মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট
কৃষি খামার সড়ক, ঢাকা-১২১৫
www.srdi.gov.bd

নম্বর: ১২.০৩.০০০০.০০২.০৬.০০১.২০.১২৩৯

তারিখ: ২৯ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
১২ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: ৩০ মার্চ ২০২৩ তারিখে অনুষ্ঠিত মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউটের অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণী।**

মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট এর মার্চ/২০২৩ মাসের অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণী নির্ধারিত ছকে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ১ প্রস্থ সংযুক্ত।

১২-০৪-২০২৩
মোঃ ছাব্বির হোসেন
মহাপরিচালক (চলতি দায়িত্ব)

**বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক, ফিল্ড সার্ভিসেস উইং/অ্যানালাইটিক্যাল সার্ভিসেস উইং, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা;
২। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ ও যোগাযোগ বিভাগ/বিভাগীয় কার্যালয়, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা;
৩। প্রকল্প পরিচালক, এসআরডিআই-এর ভবন নির্মাণ ও সক্ষমতা বৃদ্ধি (সিসিবিএস) প্রকল্প, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা;
৪। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, অ্যানালাইটিক্যাল সার্ভিসেস উইং/কেন্দ্রীয় গবেষণাগার/বিভাগীয় গবেষণাগার, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা;
৫। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বিভাগীয় কার্যালয়/সয়েল সার্ভে অ্যান্ড ক্লাসিফিকেশন শাখা/ল্যান্ড ইউজ প্ল্যানিং শাখা/ল্যান্ড ইভালুয়েশন অ্যান্ড কোরিলেশন শাখা/হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট শাখা/নির্দেশিকা সেল, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা;
৬। ইনোভেশন অফিসার, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা (ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ);
৭। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, ডাটা প্রসেসিং অ্যান্ড স্ট্যাটিসটিকেল অ্যান্ড ইনরমেশন অ্যান্ড কমুনিকেশন টেকনোলজি (DPS & ICT) শাখা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা;
৮। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, কেন্দ্রীয় গবেষণাগার/বিভাগীয় গবেষণাগার/সয়েল কেমিস্ট্রি শাখা/সয়েল ফিজিক্স অ্যান্ড মিনারেলজি শাখা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা;
৯। কর্মসূচি পরিচালক, দূর অনুধাবন পদ্ধতি (Remote Sensing) ও উপজেলা নির্দেশিকা ব্যবহার করে বিভিন্ন ফসলের আবাদকৃত জমির আয়তন নির্ধারন শীর্ষক কর্মসূচি, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা;
১০। মহাপরিচালক মহোদয়ের সংযুক্ত কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা;
১১। কর্মসূচি পরিচালক, নবসৃষ্ট তিনটি গবেষণাগার জোরদারকরণ কর্মসূচি, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা;
১২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, সয়েল মাইক্রোবায়োলজি অ্যান্ড বায়োকেমিস্টি শাখা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা;
১৩। সিনিয়র কার্টোগ্রাফার, কার্টোগ্রাফি শাখা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা;
১৪। পাবলিকেশন অ্যান্ড লিয়াজোঁ অফিসার, পাবলিকেশন অ্যান্ড রেকর্ড শাখা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা;
১৫। সহকারী পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা;

১৬। প্রশাসনিক কর্মকর্তা/স্টোর অফিসার, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা;

১৭। সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা/অফিস তত্ত্বাবধায়ক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা এবং

১৮। অফিস কপি।

**সকল সংযুক্তিসমূহ:**

(১) অভ্যন্তরীণ সমন্বয় সভা মার্চ ২০২৩_20230412_0001

বিষয় : ৩০ মার্চ ২০২৩ খ্রি: তারিখে অনুষ্ঠিত মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউটের অভ্যন্তরীন সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : মো: ছাব্বির হোসেন
মহাপরিচালক
মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা।
তারিখ ও সময় : ৩০ মার্চ ২০২৩ খ্রি: সকাল ১১.০০ ঘটিকা।
স্থান : সম্মেলন কক্ষ, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা।
উপস্থিতি : পরিশিষ্ট-ক।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে মহাপরিচালক মহোদয়ের সংযুক্ত কর্মকর্তা মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউটের পূর্ববর্তী অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপন করেন এবং অনুমোদনের জন্য উপস্থিত সদস্যদের বক্তব্য/মন্তব্য থাকলে তা প্রস্তাব করার অনুরোধ করেন। উপস্থিত সদস্যদের সম্মতিতে বিগত সভার কার্যবিবরণী গৃহীত হয়। মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউটের বিগত সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমুহের শাখাভিত্তিক বাস্তবায়ন ও অগ্রগতি প্রতিবেদন আলোচ্যসূচীর ক্রমানুসারে উপস্থাপন ও বিস্তারিত আলোচনা করা হয়। সভায় আলোচিত বিষয় ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ :

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী |
|---|---|---|---|---|
| ১. | বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | | | |
| ২. | **মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন** | মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা সুনির্দিষ্টভাবে বাস্তবায়নের জন্য এসআরডিআই কর্তৃক গৃহীত পদক্ষেপের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন (ফেব্রুয়ারি/২০২৩ মাসের) যথাসময়ে প্রেরণ করা হয়েছে। | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/ নির্দেশনাসমুহ সুনির্দিষ্ট ভাবে উল্লেখপূর্বক যথাসময়ে বাস্তবায়ন এর জন্য ফিল্ড সার্ভিসেস উইং এবং এনালাইটিক্যাল সার্ভিসেস উইং মহাপরিচালকের দপ্তরের সাথে সমন্বয় করে কাজটি সুষ্ঠুভাবে সম্পন্ন করবেন। মার্চ মাসের প্রতিবেদন সয়েল সার্ভে এন্ড ক্লাসিফিকেশন শাখা প্রেরণ করবেন এবং পরবর্তী মাস হতে ফিল্ড সার্ভিসেস উইং এ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করবেন। | পরিচালক<br>ফিল্ড সার্ভিসেস উইং<br><br>পরিচালক<br>এনালাইটিক্যাল সার্ভিসেস উইং। |
| ৩. | **ওয়েবসাইট হালনাগাদকরণ** | ওয়েবসাইটে ছবি আপডেট করা হয়েছে। এছাড়াও ৮২টি হেড লাইনের আপডেট করা হয়েছে।<br>ওয়েবসাইটের কনটেন্টগুলোর মধ্যে কিছু কিছু বক্সে কনটেন্ট-এর বিষয়গুলো উল্লেখ করা হয় নাই। তথ্য প্রযুক্তি সেবার ভিতর লবণাক্ততার তথ্য বক্সে কোনো কনটেন্ট নেই। প্রকাশনা বক্সে মাটির কথা নিউজ লেটার দেয়া হয় এটাও আপডেট নেই। এছাড়াও সমস্যাক্লিষ্ট মৃত্তিকা ব্যবস্থাপনা বক্সে ভূমি অবক্ষয়-এর বিষয়ে কোনো কনটেন্ট নেই। এগুলো কিভাবে আপডেট করা যায় তা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>সিটিজেন চার্টারে সেবামূল্য সঠিকভাবে লিপিবদ্ধ করার বিষয়ে আলোচনা করা হয়।<br>এসআরডিআই-এর অন্যান্য দপ্তরেও ওয়েবসাইট হালানাগাদ আছে কিনা তা প্রধান কার্যালয় থেকে মনিটরিং-এর বিষয়ে আলোচনা করা হয়। | ওয়েবসাইটে তথ্য আপলোডের বিষয়টি মনিটরিং এর জন্য ইনোভেশন কমিটির সাথে থেকে মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, বিভাগীয় কার্যালয়, ঢাকা, ড. এস.এম. সামচুজ্জামান, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা এবং জনাব রশিদুন নাহার, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তাগণের সমন্বয়ে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>উক্ত কমিটি ইনোভেশন. কমিটিকে সহায়তা দেওয়া বা সহায়তার জন্য সংযুক্ত থাকবেন বলে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ওয়েব সাইটে লবণাক্ততাসহ অন্যান্য বিষয়ে বক্সগুলোর তথ্য সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>এছাড়াও সিটিজেন চার্টারে প্যারামিটারের সংখ্যা বিবেচনায় সেবামূল্য ৩-৬৩/- টাকায় আনা সম্ভব কিনা সে বিষয়টি আলোচনার মাধ্যমে নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা<br>এনালাইটিক্যাল সার্ভিসেস উইং।<br><br>ইনোভেশন অফিসার, প্রশিক্ষণ ও যোগাযোগ বিভাগ |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী |
|---|---|---|---|---|
| ৪. | **উপজেলা নির্দেশিকার ডিজিটাল মানচিত্র প্রণয়ন ও সংরক্ষণ** | প্রতি মাসে ২টি করে উপজেলা নির্দেশিকার ডিজিটাল মানচিত্র প্রণয়ন ও সংরক্ষণ করা হয়। আরও ২০টি রির্পোট ছাপানো পেন্ডিং অবস্থায় আছে। এগুলো প্রণয়ন ও ছাপানোর বিষয়ে আলোচনা করা হয়। | প্রতি মাসে ২টি করে উপজেলা নির্দেশিকার ডিজিটাল মানচিত্র প্রণয়ন ও সংরক্ষণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। ৫০টি নির্দেশিকার ম্যাপ সম্পন্ন হওয়ার পর যে রির্পোটগুলো পেন্ডিং আছে সেগুলোর ম্যাপ ডিজিটাইজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | কার্টোগ্রাফী শাখা<br>নির্দেশিকা সেল<br>ডিপিএস এ্যান্ড আইসিটি শাখা |
| ৫. | **উপজেলা নির্দেশিকা রিপোর্ট** | ১২টি উপজেলা নির্দেশিকার মধ্যে ০১টি উপজেলা নির্দেশিকা প্রস্তুত করা হয়েছে। বাকী রির্পোটের কাজ চলমান আছে। | বরিশালের ২টি উপজেলা নির্দেশিকা প্রস্তুত আছে এবং বাকী ২টি উপজেলা নির্দেশিকা প্রস্তুতাধীন আছে। এছাড়াও নোয়াখালী জেলার ০৬টি উপজেলার নির্দেশিকা বিষয়ে মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম এবং মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, বিভাগীয় কার্যালয়, ঢাকা ইমেজ এনালাইসিসের মাধ্যমে ম্যাপ ডিজিটাইজেশন করে মাঠ জরীপে যাওয়ার বিষয়টি নিশ্চিত করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>এছাড়া উপজেলা নির্দেশিকা রির্পোট প্রদানের ক্ষেত্রে ডাটা প্রসেসিং করে নির্দেশিকা সেলে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। নির্দেশিকা সেল সেটি যাচাই বাছাই করে রির্পোট তৈরীর জন্য সেন্ট্রাল সেল-এ প্রেরণ করবেন। | ফিল্ড সার্ভিসেস উইং<br>নির্দেশিকা সেল<br>জরিপকারী কর্মকর্তা<br>কর্মসূচী পরিচালক, দূর অনুধাবন পদ্ধতি (Remote Sensing) ও উপজেলা নির্দেশিকা ব্যবহার করে বিভিন্ন ফসলের আবাদকৃত জমির আয়তন নির্ধারণ" শীর্ষক কর্মসূচী |
| ৬. | **ইউনিয়ন সহায়িকা রিপোর্ট** | ইউনিয়ন সহায়িকাকে কমিয়ে ব্লক পর্যায়ে সহায়িকা প্রণয়ন করা যায় কিনা সে ব্যাপারে আলোচনা করা হয়। এ ব্যাপরে আলোচনায় বলা হয় যেহেতু ইউনিয়ন সহায়িকা ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় অন্তর্ভুক্ত হয়ে আছে তাই এটিকে একবারে কমানো সম্ভব হবে না তবে আস্তে আস্তে ইউনিয়ন সহায়িকা কমিয়ে ব্লক সহায়িকায় প্রণয়নের দিকে যেতে হবে। | এসআরডিআই-এর কোন দপ্তরের ইউনিয়ন সহায়িকা রিপোর্ট কোন অবস্থায় আছে তা আগামী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ফিল্ড সার্ভিসেস উইং<br>বিভাগীয়/আঞ্চলিক কার্যালয়সমূহ |
| ৭. | **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিষয়ক কার্যক্রম** | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন বিষয়ক কার্যক্রম এর অগ্রগতি বিষয়ে আলোচনা হয়।<br>আঞ্চলিক কার্যালয়, চাঁদপুরের এপিএএমএস সফটওয়্যারে কোন কিছু এন্ট্রি না দিয়ে আপলোড দেওয়ায় সফটওয়্যারে ত্রুটি দেখা দেয়। এ বিষয়ে করণীয় নিয়ে আলোচনা করা হয়। | পরবর্তীতে সফটওয়্যারে আপলোডের বিষয়ে যাতে এসআরডিআই-এর কোন দপ্তরে সমস্যা না হয় সে প্রেক্ষিতে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৮. | **জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা** | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা যথাসময়ে বাস্তবায়ন করার বিষয়ে আলোচনা করা হয়।<br>জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় অডিট আপত্তি ০৬টির স্থানে ১০টি নিষ্পত্তি করা হয়েছে।<br>আগামী মাসে শুদ্ধাচার পুরস্কার প্রদানের বিষয়টি আলোচনা করা হয়। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা যথাসময়ে বাস্তবায়ন করার বিষয়টি চলমান রয়েছে।<br>শুদ্ধাচার পুরস্কার প্রদানের বিষয়টি কিভাবে নির্ধারণ করা হবে তা আলোচনার মাধ্যমে নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং মহাপরিচালক মহোদয়ের সংযুক্ত কর্মকর্তা |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী |
|---|---|---|---|---|
| ৯. | **টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) সংক্রান্ত দলিল** | SDG বিষয়ে একটি ওয়ার্কশপের আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। | SDG সংক্রান্ত পরিকল্পনা সবসময় আপডেট রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | এসডিজি বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ১০. | **সিটিজেন চার্টার** | সিটিজেন চার্টার -এর কার্যক্রম যথাযথভাবে চলমান রাখার বিষয়ে আলোচনা করা হয়।<br><br>সিটিজেন চার্টার বিষয়ে ০২ দিনের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। এছাড়া ০২টি ত্রৈমাসিক কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। এসআরডিআই-এর অন্যান্য দপ্তরগুলোতে সিটিজেন চার্টার কার্যক্রম প্রক্রিয়া ঠিক রাখার ব্যাপারে মেসেজ প্রদান করা হয়েছে।<br><br>সিটিজেন চার্টারে মৃত্তিকা নমুনা বিশ্লেষণ বিলের বিষয়টি আলোচনা করা হয়। | সিটিজেন চার্টার প্রত্যেকটি গ্রুপে একই রকম আছে কিনা এবং ঠিকমত লিপিবদ্ধ করে টাঙ্গানো হয় কিনা সে বিষয়ে ইনোভেশন কমিটি মনিটরিং করবেন।<br>সিটিজেন চার্টারে মৃত্তিকা নমুনা বিশ্লেষণের মূল্য প্যারামিটারের সংখ্যা বিবেচনায় ৩-৬৩/- টাকা পর্যন্ত নির্ধারণ করে সিটিজেন চার্টারে অর্ন্তভূক্ত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ফিল্ড এর অফিস প্রধানগণ<br>ইনোভেশন অফিসার, |
| ১১. | **পঞ্চবার্ষিকী কর্মপরিকল্পনা** | পঞ্চবার্ষিকী কর্মপরিকল্পনার অগ্রগতির বিষয়ে আলোচনা করা হয়। | পঞ্চবার্ষিকী কর্মপরিকল্পনার অগ্রগতি বিষয়ক কার্যক্রম অব্যাহত আছে। | ডেল্টা প্লান বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ১২. | **কর্মকর্তা ও কর্মচারিদের গ্রেডেশন** | নন-ক্যাডারের বিভিন্ন স্তর ১জন করে প্রতিনিধি নিয়ে ১১ সদস্য বিশিষ্ট কমিটি গঠনের মাধ্যমে একটি কর্মপরিকল্পনা করার বিষয়ে আলোচনা করা হয়। | আগামী ০১ সপ্তাহের মধ্যে নন-ক্যাডারের গ্রেডেশন লিষ্ট প্রস্তুত করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ ব্যাপারে কোনো মন্তব্য থাকলে তা পরবর্তীতে বিধি সম্মতভাবে পর্যালোচনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, অ্যানালাইটিক্যাল সার্ভিসেস উইং<br><br>সহকারী পরিচালক |
| ১৩. | **সুষম সার ব্যবহার/ভেজাল সার সনাক্তকরণ/মৃত্তিকা দিবস এর ভিডিও ডকুমেন্টারি** | সুষম সার ব্যবহার/ভেজাল সার সনাক্তকরণ/মৃত্তিকা দিবস এর ভিডিও ডকুমেন্টারি সংরক্ষণের কার্যক্রম নিয়ে আলোচনা করা হয়।<br>আগামীতে মৃত্তিকা দূষণের উপর ভিডিও ডকুমেন্টরী তৈরীর বিষয়ে আলোচনা করা হয়। | সুষম সার ব্যবহার/ভেজাল সার সনাক্তকরণ/মৃত্তিকা দিবস এর ভিডিও ডকুমেন্টারি এবং সয়েল স্যালাইনিটি অর্ন্তভুক্ত করে সুনির্দিষ্ট একটি তালিকা তৈরী করে মহাপরিচালক বরাবর প্রেরণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ইনোভেশন অফিসার<br><br>প্রশিক্ষণ ও যোগাযোগ বিভাগ<br><br>প্রকল্প পরিচালকগণ<br><br>কর্মসূচী পরিচালকগণ |
| ১৪. | **বার্ষিক কারিগরী প্রতিবেদন** | ২০২১-২০২২ সালের বার্ষিক কারিগরী প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত প্রতিবেদন শুধুমাত্র এসআরডিআই-এর সব দপ্তরের জন্য প্রস্তুতের সিদ্ধান্ত গৃহীত হয়। | ২০২১-২০২২ সালের প্রস্তুতকৃত বার্ষিক কারিগরী প্রতিবেদন দ্রুত প্রকাশের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | বার্ষিক কারিগরি প্রতিবেদন প্রণয়ন কমিটি |
| ১৫, | **অবসরোত্তর সুবিধাদি** | অত্র ইনস্টিটিউটের অবসর সুবিধা প্রদানের আবেদন কর্মচারিদের অবসরে যাবার ২ মাস পূর্বে বিধি মোতাবেক নিষ্পত্তিকরণের বিষয়ে আলোচনা হয়। | অত্র ইনস্টিটিউটের অবসর সুবিধা প্রদানের আবেদন কর্মচারিদের অবসরে যাবার ২ মাস পূর্বে বিধি মোতাবেক নিষ্পত্তিকরণ কার্যক্রম অব্যাহত থাকবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | হিসাবরক্ষণ কর্মকর্তা |
| ১৬. | **শূন্য পদে লোক নিয়োগ** | শূন্য পদের লোক নিয়োগের বিষয়ে আলোচনা করা হয়। | শূন্য পদের লোক নিয়োগের লক্ষ্যে টেলিটকের মাধ্যমে ইতোমধ্যে চাকরির আবেদন জমা দেওয়ার বিষয়টি সম্পন্ন হয়েছে এবং এ সংক্রান্ত পরবর্তী কার্যক্রম প্রক্রিয়াধীন। যথাসময়ে এ বিষয়ে ব্যবস্থা নেওয়া হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী পরিচালক এবং<br>আহবায়ক সংশ্লিষ্ট কমিটি |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী |
|---|---|---|---|---|
| ১৭. | **দপ্তর/সংস্থার ডি-নথি কার্যক্রম** | এসআরডিআই-এর ০৭টি বিভাগে ডি-নথি কার্যক্রম চালু আছে। ০৩ মাস অন্তর প্রত্যেক শাখায় কতটি ডি-নথি হচ্ছে তা সংগ্রহ করে % নির্ধারণ করে মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। | আগামী জুন/২০২৩ এর মধ্যে এসআরডিআই-এর ০৮টি গবেষণাগারে ডি-নথি কার্যক্রম জোরদারকরণের জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। আগামী সভার আগে এসআরডিআই-এর বিভাগীয় গবেষণাগার, ঢাকাকে ডি-নথি এর আওতায় আনার সিদ্ধান্ত গৃহীত হয়। বিভাগীয় কার্যালয়ের বিষয়ে পরিচালক, ফিল্ড সার্ভিসেস উইং এবং বিভাগীয় গবেষণাগারগুলোর বিষয়ে পরিচালক, এ্যানালাইটিক্যাল সার্ভিসেস উইং এর মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তার সহযোগীতায় নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ফিল্ড সার্ভিসেস উইং<br><br>মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, অ্যানালাইটিক্যাল সার্ভসেস উইং<br><br>ইনোভেশন অফিসার |
| ১৮. | **তথ্য অধিকার বাস্তবায়ন কর্মপরিকল্পনা** | তথ্য অধিকার বাস্তবায়ন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অব্যাহত রাখার বিষয়ে আলোচনা করা হয়। তথ্য অধিকার ক্যাটালগ সম্পন্ন করা হয়েছে এবং তা এপ্রিলের ০২ তারিখের মধ্যে আপলোড করার বিষয়ে আলোচনা করা হয়। | তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স হালনাগাদ করণ এবং ওয়েবসাইটে আপলোড/প্রকাশের ধারাবাহিকতা বজায় রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্য অধিকার কর্মকর্তা |
| ১৯. | **মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউটের উন্নয়ন প্রকল্প এবং কর্মসূচি সমূহের সারসংক্ষেপ** | (ক) এসআরডিআই-এর ভবন নির্মাণ ও সক্ষমতা বৃদ্ধি (সিসিবিএস)-এর অগ্রগতির বিষয়ে আলোচনা করা হয়।<br><br>(খ) Crop Zoning প্রকল্পের DPP-তে SRDI এর স্বার্থ সংশ্লিষ্ট বিষয় অন্তর্ভুক্তির বিষয়ে আলোচনা করা হয়। ক্রপ জোনিং-এ ডাটা সফটওয়্যার এ দেওয়া যায় কিনা এবং সফটওয়্যারে এসআরডিআই-এর লোগো অর্ন্তভূক্তির বিষয়ে আলোচনা করা হয়।<br>(গ) দূর অনুধাবন পদ্ধতি (Remote Sensing) ও উপজেলা নির্দেশিকা ব্যবহার করে বিভিন্ন ফসলের আবাদকৃত জমির আয়তন নির্ধারণ" শীরষক কর্মসূচীর আওতায় প্রথম ০৩দিনের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। দ্বিতীয় প্রশিক্ষণের বিষয়টি চলমান রয়েছে। | (ক) এসআরডিআই-এর ভবন নির্মাণ ও সক্ষমতা বৃদ্ধি (সিসিবিএস)-এর অবকাঠামো অগ্রগতি কতটুকু তা পরবর্তী সভায় মহাপরিচালক মহোদয়কে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(খ) পরবর্তী সভায় Crop Zoning প্রকল্পের DPP উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(গ) দূর অনুধাবন পদ্ধতি (Remote Sensing) ও উপজেলা নির্দেশিকা ব্যবহার করে বিভিন্ন ফসলের আবাদকৃত জমির আয়তন নির্ধারণ" শীর্ষক কর্মসূচীর কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকল্প পরিচালক<br><br>ক্রপ জোনিং প্রকল্পের ফোকাল পয়েন্ট কর্মকর্তা<br><br>কর্মসূচী পরিচালকগণ |
| ২০.১ | **মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট-এর রাজস্ব/প্রকল্প এর বার্ষিক ক্রয় পরিকল্পনা** | বার্ষিক ক্রয় পরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয়। প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক এবং স্টোর কর্মকর্তার সমন্বয়ে যাথাসময়ে বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন করে এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে প্রেরণ করা হয়েছে এবং এটি ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। বাকী কাজগুলোর ধারাবাহিকতা বজায় আছে। | বার্ষিক ক্রয় পরিকল্পনা মোতাবেক হালনাগাদ কার্যক্রম বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে। | প্রকল্প পরিচালকগণ<br><br>কর্মসূচী পরিচালকগণ<br><br>স্টোর শাখা |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী |
|---|---|---|---|---|
| ২০.১ | **(ক) যন্ত্রপাতি, গ্লাসওয়্যার ও ক্যামিক্যালস ক্রয়**<br><br>**(খ) যন্ত্রপাতি মেরামত ও রক্ষণাবেক্ষণ**<br><br>**(গ) আসবাবপত্র ক্রয়** | ক্যামিক্যাল যাচাই বাছাইয়ের জন্য যাচাই কমিটির মাধ্যমে রিপোর্ট তৈরী করা হয়েছে। বাস্তাবায়নের প্রক্রিয়াটি চলমান রয়েছে।<br><br>সয়েল কেমিষ্ট্রি এবং মাইক্রোবায়োলজির যন্ত্রপাতি মেরামত ও রক্ষণাবেক্ষণের তালিকা তৈরী করা হয়েছে। স্পেসিফিকেশনও তৈরী করা হয়েছে। পরবর্তী কার্যক্রম অগ্রগতি করার বিষয়ে আলোচনা করা হয়।<br><br>সয়েল ফিজিক্স ল্যাবরেটরীর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয়ের জন্য যন্ত্রপাতির সঠিক কোনো তথ্য/স্পেসিফিকেশন না পাওয়ায় বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।<br><br>গবেষণাগারসমূহে ব্যবহারের জন্য আসবাবপত্র ক্রয়ের বিষয়ে আলোচনা করা হয়। | ক্রয়কৃত কেমিক্যালস এর কোয়ালিটি যাচাই এবং প্রাপ্ত চাহিদা আপডেট অনুযায়ী যুক্তিসংগতভাবে সরবরাহ করার সিদ্ধান্ত হয় । এ বিষয়ে মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, এ্যানালাইটিক্যাল সার্ভিসেস উইংকে দায়িত্ব প্রদান করা হয়।<br>বার্ষিক ক্রয় পরিকল্পনা ও বাজেট বরাদ্দ অনুযায়ী অর্থবছরের প্রারম্ভেই ক্রয় কার্য-সম্পন্ন করতে হবে।<br><br>সয়েল ফিজিক্স গবেষণাগারের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতির স্পেসিফিকেশন তৈরী করে সরবরাহ করতে হবে।<br><br>আসবাব পত্র কোডে নিষাধাজ্ঞা থাকায় ক্রয় পরিকল্পনা অনুযায়ী এর কার্য সম্পন্ন করা সম্ভব হচ্ছে না। | পরিচালক এ্যানালাইটিক্যাল সার্ভিসেস উইং।<br><br>প্রকল্প পরিচালকগণ<br><br>মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, এ্যানালাইটিক্যাল সার্ভিসেস উইং<br><br>কর্মসূচী পরিচালকগণ<br><br>স্টোর শাখা<br><br>হিসাব শাখা |
| ২০.২ | TO&E | TO&E অর্ন্তভূক্ত করার জন্য কমিটি গঠন করা হয়েছে। | TO&E বিষয়ক কমিটি আনুষ্ঠানিক সভা করে সুপারিশসহ মহাপরিচালক মহোদয় বরাবরে প্রতিবেদন প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয় । | সহকারী পরিচালক<br><br>স্টোর শাখা |
| ২১. | **কৃষি প্রযুক্তি উদ্ভাবন ও সম্প্রসারণ** | কৃষি ক্ষেত্রে নতুন নতুন প্রযুক্তি ও কৌশল উদ্ভাবনে করণীয় বিষয় নিয়ে আলোচনা করা হয়।<br>এসআরডিআই-এর গবেষণাকেন্দ্রসমূহের নতুন প্রযুক্তি ও কৌশল উদ্ভাবনের তথ্য সংগ্রহ বিষয়ে আলোচনা করা হয়। | পূর্ববর্তী সভায় নতুন নতুন প্রযুক্তি উদ্ভাবনের যে সুপারিশ করা হয়েছে তার অগ্রগতি প্রতিবেদন, এপিএ অনুযায়ী তাদের লক্ষ্যমাত্রা কতটুকু ছিলো বা আছে তার তথ্য প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। । | এপিএ ফোকাল পয়েন্ট<br><br>মৃত্তিকা সংরক্ষণ ও পানি বিভাজিকা ব্যবস্থাপনা কেন্দ্র, বান্দরবান<br>এবং<br>লবণাক্ততা ব্যবস্থাপনা ও গবেষণা কেন্দ্র, বটিয়াঘাটা, খুলনা। |
| ২২. | **কোভিড-১৯ সংক্রান্ত আদেশসমূহ /ডেঙ্গু সংক্রান্ত** | কোভিড-১৯ সংক্রান্ত আদেশসমূহ যথাযথভাবে প্রতিপালিত হচ্ছে।<br>ডেঙ্গুর প্রকোপ বেশী হওয়ায় এ বিষয়ে বিভিন্ন ট্রেনিং-এ সচেতনার বিষয়টি আলোচনা করা হয়। | পরবর্তীতে কোভিড-১৯ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ সংক্রান্ত সকল আদেশ ওয়েবসাইটে যথাসময়ে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ডেঙ্গুর প্রকোপ থেকে রক্ষার জন্য অফিস ভবন বিশেষ করে ড্রেন/নালা পরিস্কার রাখার সিদ্ধান্ত গৃহীত হয় । | ইনোভেশন অফিসার<br><br>সহকারী পরিচালক |
| ২৩. | **নিলাম বিক্রয়** | অকেজো মালামাল নিলামে বিক্রয় সম্পন্ন হয়েছে। বাকী কার্যক্রম চলমান রয়েছে। | নিলাম বিক্রয় সংক্রান্ত কমিটির মাধ্যমে অকেজো ইকুইপমেন্ট নিলাম কিভাবে হবে তা নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | স্টোর শাখা |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী |
|---|---|---|---|---|
| ২৪. | **ফাউন্ডেশন ট্রেনিং, বৈদেশিক ট্রেনিং, উচ্চ শিক্ষা সংক্রান্ত, বিভাগীয় প্রশিক্ষণ** | ফাউন্ডেশন ট্রেনিং, বৈদেশিক ট্রেনিং এবং উচ্চ শিক্ষার গুরুত্ব তুলে ধরে আলোচনা করা হয়। বর্তমানে ৫০% ট্রেনিং সম্পন্ন হয়েছে। এছাড়া নবনিযুক্ত ২২ জন বৈজ্ঞানিক কর্মকর্তার ফাউন্ডেশন ট্রেনিং এবং বিভাগীয় প্রশিক্ষণ প্রদান বিষয়ে আলোচনা করা হয়। | নন-ক্যাডার কর্মকর্তাদের ফাউন্ডেশন ট্রেনিং-এর বিষয়ে অন্যান্য প্রতিষ্ঠানে চালু আছে কিনা তার তথ্য সংগ্রহের সিদ্ধান্ত গৃহীত হয়। অন্যান্য প্রতিষ্ঠানে চালু থাকলে এসআরডিআই-এর নন-ক্যাডার কর্মকর্তাদের ফাউন্ডেশন ট্রেনিং এর ব্যবস্থার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ট্রেনিং অ্যান্ড কমুনিকেশন ডিভিশন |
| ২৫. | **শ্রান্তি বিনোদন ছুটি/মাতৃত্বকালীন ছুটি** | আবেদনের প্রেক্ষিতে যথাযথভাবে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। | অত্র ইনস্টিটিউটের কর্মকর্তা/কর্মচারিদের শ্রান্তি বিনোদন ছুটি/মাতৃত্বকালীন ছুটি প্রদানের আবেদনের ভিত্তিতে উক্ত ছুটি নিষ্পত্তিকরণ কার্যক্রম অব্যাহত থাকবে। | সহকারী পরিচালক |
| ২৬. | **মাটি, পানি ও সার নমুনা বিশ্লেষণ রিপোর্ট** | উপকারভোগীর নিকট মাটি, পানি ও সার নমুনা বিশ্লেষণের রিপোর্ট নির্ধারিত সময়ে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। | মাটি, পানি ও সার নমুনার বিশ্লেষণ প্রতিবেদন নির্ধারিত সময়ে উপকারভোগীর নিকট প্রেরণের ক্ষেত্রে এসআরডিআই-এর প্রতিটি ল্যাবে কোনো সমস্যা আছে কিনা তা মহাপরিচালক মহোদয়কে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও যদি কোনো সমস্যা পরিলক্ষিত হয় মহাপরিচালক মহোদয় সে বিষয়ে সহায়তা প্রদান করবেন। বিভাগীয় গবেষণাগার, খুলনার সার্বিক অবস্থা সম্পর্কে তথ্য এবং স্বল্প পরিসরে এটি সমস্যার সমাধান কিভাবে সম্ভব তা অবহিত করার জন্য অ্যানালাইটিকেল সার্ভিসেস উইং এর সিএসও মহোদয়কে দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>এছাড়াও বিভাগীয় গবেষণাগার চট্টগ্রামে কিভাবে কার্যক্রম সম্পাদন হচ্ছে এবং এর অগ্রগতি কিভাবে সম্ভব তা প্রতিবেদন আগামী সভার আগে প্রস্তুতের জন্য অ্যানালাইটিকেল সার্ভিসেস উইং এর সিএসও মহোদয়কে দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, এ্যানালাইটিক্যাল সার্ভিসেস উইং |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী |
|---|---|---|---|---|
| ২৭. | **মাসিক প্রতিবেদন** | প্রত্যেক মাসের ০৫ তারিখের মধ্যে সমন্বয় করে মন্ত্রণালয়ে নিয়মিত প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়। মাসিক প্রতিবেদন ফরম্যাটটি আপডেট করার বিষয়ে আলোচনা করা হয়। | মন্ত্রণালয়ের চাহিদার সাথে সঙ্গতি রেখে মাঠ পর্যায়ের তথ্যগুলো সঠিকভাবে সন্নিবেশিত করার জন্য মাসিক প্রতিবেদন ফরম্যাটটি আপডেট করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে ড.এস এম সামছুজ্জামান, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, কেয়া কর্মকার, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা এবং গবেষণাগারের একজন কর্মকর্তা ফরম্যাটটির খসড়া প্রস্তুত করে মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, এ্যানালাইটক্যাল সার্ভিসেস উইং কে প্রদান করবেন। মহাপরিচালক, পরিচালক, ফিল্ড সার্ভিসেস উইং এবং মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, এ্যানালাইটিক্যাল সার্ভিসেস উইং ফরম্যাটটি চুড়ান্ত করবেন। | ফিল্ড সার্ভিসেস উইং<br><br>এ্যানালাইটিক্যাল সার্ভিসেস উইং<br><br>সহকারী পরিচালক |
| ২৮. | **ওয়ার্কশপ/সেমিনার** | এপিএ অনুযায়ী ওয়ার্কশপ/সেমিনার আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। | এপিএ টার্গেট অনুযায়ী ওয়ার্কশপগুলো বাজেটের সাথে সঙ্গতি রেখে করার সিদ্ধান্ত গৃহীত হয়। | মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা<br>ট্রেনিং অ্যান্ড কমুনিকেশন ডিভিশন |
| ২৯. | **বেতার কথিকা** | চাহিদা ও বিষয় অনুযায়ী নির্ধারিত সময় ও তারিখে কর্মকর্তাগণ অংশগ্রহণ করছেন।<br>বেতার কথিকায় কর্মকর্তাগণ যে কথিকাটি উপস্থাপন করবেন তা উপস্থাপনের এক সপ্তাহ আগেই মহাপরিচালক মহোদয় বরাবর প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়। | বেতার কথিকায় কর্মকর্তাগণ যে কথিকাটি উপস্থাপন করবেন তা উপস্থাপনের এক সপ্তাহ আগেই মহাপরিচালক মহোদয় বরাবরে উপস্থাপন করবেন। মহাপরিচালক মহোদয় কথিকাটির বিষয়ে সম্মতি জ্ঞাপন করলে কর্মকর্তাগণ এটি বেতার কথিকায় উপস্থাপন করবেন। কর্মকর্তাগণের সংশ্লিষ্ট বিষয়েই যেন বেতার কথিকা উপস্থাপন করা হয় সে বিষয়ে পরিচালক, এআইএস-কে মহাপরিচালক মহোদয়ের মাধ্যমে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | পাবলিকেশন এন্ড লিয়াজোঁ অফিসার |
| ৩০. | **কৃষি মেলা/উন্নয়ন মেলা** | সময়ে সময়ে মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত কৃষি মেলা/উন্নয়ন মেলায় অংশগ্রহণ করা হচ্ছে। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক ফিল্ড সার্ভিসেস উইং<br>ও<br>পরিচালক অ্যানালাইটিক্যাল সার্ভিসেস উইং |
| ৩১. | **বাৎসরিক প্রশিক্ষণ** | কর্মকর্তা ও কর্মচারীদের বাৎসরিক প্রশিক্ষণের বিষয়ে আলোচনা করা হয়। | কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে পরবর্তীতে ট্রেনিং প্রোগ্রাম বর্ধিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ট্রেনিং অ্যান্ড কমুনিকেশন ডিভিশন |
| ৩২. | **উপজেলা জরিপ** | ২০২২-২০২৩ অর্থ বছরে ৫০টি উপজেলা জরিপের লক্ষ্যমাত্রার মধ্যে ৪০টি সম্পন্ন হয়েছে বাকি ১০টি জরিপের কাজ চলমান রয়েছে। | উপজেলা জরিপের জন্য কর্মকর্তাগণ সার্ভে সঠিক ভাবে করছেন কিনা তা ফরমেটে সন্নিবেশিত করে তথ্য দেওয়ার সিদ্ধান্ত হলেও সব তথ্য পাওয়া যায় নি। যে তথ্যগুলো পাওয়া যাই নি তা সংগ্রহের বিষয়টি পরিচালক, ফিল্ড সার্ভিসেস উইং পরবর্তী সভায় জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | ফিল্ড সার্ভিসেস উইং |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী |
|---|---|---|---|---|
| ৩৩. | আর.এস. এস. রিপোর্ট উপস্থাপন | আরএসএস রিপোর্ট যেগুলো ইতোপূর্বে রিপ্রিন্ট হয় নাই, সেগুলো ছাপানোর বিষয়ে আলোচনা হয়। | আরএসএস রিপোর্ট যেগুলো ইতপূর্বে রিপ্রিন্ট হয় নাই সেগুলো প্রস্তুতের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, সয়েল সার্ভে এন্ড ক্লাসিফিকেশন শাখা<br>পাবলিকেশন এন্ড লিয়াজোঁ অফিসার<br>লাইব্রেরীয়ান |
| ৩৪. | প্লানিং সেল/এডিপি/আরএডিপি | প্রকল্প ও কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়নের জন্য প্লানিং সেল-এর যথাযথ ভূমিকা রাখার বিষয়ে আলোচনা করা হয়।<br>ক) ০৩টি প্রকল্প একত্রিত করে ০১টি প্রকল্প প্রণয়ন করা হয়েছে যেটি এখন মন্ত্রণালয়ের সবুজ পাতায় অর্ন্তভূক্ত হয়েছে।<br>খ) আরও ০২টি নতুন প্রকল্পের বিষয়ে মন্ত্রণালয় সহায়তার আশ্বাস প্রদান করেছেন। এরমধ্যে নিরাপদ ফসল বিষয়ক ০১ টি প্রকল্প এবং ১১টি ল্যাবরেটরীর সাথে নতুন কিছু ল্যাবরেটরী নিয়ে ০১টি প্রকল্প সাবমিট করা হয়েছে। এটি কৃষি মন্ত্রণালয়ের পর্যালোচনা রয়েছে।<br>গ) এছাড়া পার্টনার প্রজেক্টে কৃষি মন্ত্রণালয় এসআরডিআইকে ৩৩ কোটি টাকা প্রদানের আশ্বাস প্রদান করেছে মর্মে সভায় অবহিত করা হয়। | অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা ও এসডিজিভুক্ত যে সব প্রকল্প গ্রহণ করা হয় সে বিষয়ে একটি প্রতিবেদন প্রতিমাসে মহাপরিচালক মহোদয় বরাবরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>আগামী বছরের জন্য বিভাগ/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে কৃষকের দ্বার গোড়ায় পৌঁছে তাদের সুপারিশের ভিত্তিতে ব্লক সহায়িকা প্রস্তুতের কার্যক্রম শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয় । | আহবায়ক, প্লানিং সেল |
| ৩৫. | এমএসটিএল বিষয়ক কর্মসূচী | এমএসটিএল কর্মসূচীর আলোকে নির্দিষ্ট উপজেলায় স্যাম্পল কালেকশন করে রিপোর্ট প্রদান বিষয়ে আলোচনা করা হয় ।<br>এমএসটিএল কর্মসূচী উপজেলা পর্যায়ে না থেকে ইউনিয়ন পর্যায়ে নিলে কৃষকদের দোর গোড়ায় পৌছানো সম্ভব হবে বলে আলোচনা করা হয়।<br>এমএসটিএলকে এগিয়ে নেওয়ার লক্ষ্যে উন্নত মানের কেমিক্যাল নিশ্চিত করার বিষয়ে আলোচনা করা হয়।<br>০৮টি বিভাগে ০৮টি ব্লক এবং নিবিড় আবাদী এলাকায় একটি করে ব্লক নির্ধারণ করে এমএসটিএল কার্যক্রম পরিচালনার বিষয়ে আলোচনা করা হয়। | আধুনিক প্রযুক্তি সম্বলিত এমএসটিএল বাস্তবায়নের লক্ষ্যে কিভাবে অগ্রগতি অর্জন সম্ভব তা মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>MSTL সংক্রান্ত কমিটি গঠনের কাজ দ্রুত অগ্রগতি করার সিদ্ধান্ত হয়। | পরিচালক, অ্যানালাইটিক্যাল সার্ভিসেস উইং |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী |
|---|---|---|---|---|
| ৩৬. | **বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয়** | ২৫% বিদ্যুৎ ও ২০% জ্বালানী সাশ্রয়ের বিষয়ে এসআরডিআই-এর বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয়ী কমিটিকে গুরুত্বের সাথে মনিটরিং-করার বিষয়ে আলোচনা হয়। | আগামীতে ২৫% বিদ্যুৎ ও ২০% জ্বালানী সাশ্রয়ের বিষয়ে গৃহীত কার্যক্রম অব্যাহত থাকবে।<br>নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে গাড়ী ব্যবহার ও ব্যবস্থাপনা বিষয়ক একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>কমিটি : ১) জনাব মনফিক আহমদ চৌধুরী, পরিচালক, ফিল্ড সার্ভিসেস উইং ২) জনাব আ.ফ.ম মঞ্জুরুল হক চৌধুরী, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, নির্দেশিকা সেল, ৩) জনাব মো: মামুনুর রহমান, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, ল্যান্ড ইভালুয়েশন অ্যান্ড কোরিলেশন শাখা, (৪) জনাব দিলরুবা করিম, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, ডিপিএস এ্যান্ড আইসিটি শাখা, (৫) ড. মো: লুৎফর রহমান, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, সয়েল কেমিস্ট্রি শাখা, কেন্দ্রীয় গবেষণাগার (৬) জনাব মেহেদী হাসান, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও সংযুক্ত কর্মকর্তা, মহাপরিচালকের দপ্তর, (৭) জনাব খন্দকার শামছুল হক, সহকারি পরিচালক।<br>উক্ত কমিটি ১৫ কার্যদিবসের মধ্যে মহাপরিচালক বরাবর প্রতিবেদন প্রেরণ করবেন। | আহবায়ক<br>বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয়ী কমিটি<br><br>আহবায়ক<br>গাড়ী ব্যবহার ও ব্যবস্থাপনা বিষয়ক কমিটি |

- এসআরডিআই-এর বিভাগীয় পর্যায়ের সকল দপ্তরে সমন্বয় সভা এবং কারিগরি সভার আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ছাব্বির হোসেন)
মহাপরিচালক
ফোন : ০২-৪১০২৫০৪১
E-mail : dg@srdi.gov.bd